

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স- ১৮৩৮

খোয়াই, ১৫ নভেম্বর, ২০২৪

খোয়াই জেলাভিত্তিক জনজাতীয় গৌরব দিবস

খোয়াই জেলাভিত্তিক জনজাতীয় গৌরব দিবস আজ খোয়াই জেলার তুলাশিখর ইউনিয়নের সীতেশ স্মৃতি কমিউনিটি হলে উদযাপন করা হয়। এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানের উদ্বোধন করেন খোয়াই জিলা পরিষদের সভাধিপতি অপর্ণা সিংহরায়। অনুষ্ঠানের উদ্বোধন করে সভাধিপতি বলেন, ভগবান বিরসা মুন্ডা আদিবাসীদের অধিকার রক্ষায় আত্মত্যাগ করেছেন। তিনি আদিবাসীদের কৃষ্টি ও সংস্কৃতির বিকাশে সবাইকে এগিয়ে আসার আহ্বান জানান। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন তুলাশিখর বিএসির চেয়ারম্যান প্রদীপ কুমার দেববর্মা, অতিরিক্ত জেলাশাসক অভিজিৎ চক্রবর্তী ও খোয়াই মহকুমার মহকুমা শাসক চারু ভার্মা। উদ্বোধনী অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন অতিরিক্ত জেলাশাসক সুমিত কুমার পাণ্ডে।

অনুষ্ঠানে ত্রিপুরা গ্রামীণ জীবিকা মিশন থেকে ৬টি স্বসহায়ক দলকে ২৭ লক্ষ ৩০ হাজার টাকার চেক তুলে দেওয়া হয়। তাছাড়াও কৃষি দপ্তর থেকে ৫ জন সুবিধাভোগীকে স্প্রে মেশিন, মৎস্য দপ্তর থেকে প্রধানমন্ত্রী মৎস্য সম্পদ যোজনায় ৩ জনকে আইস বক্স সহ শ্রি হৃষ্ণলাল এবং মুখ্যমন্ত্রী মৎস্য বিকাশ যোজনায় ২ জন মৎস্যচাষিকে আইস বক্স ও ৩ জন মৎস্যচাষিকে কনি জাল দেওয়া হয়। অতিথিগণ সুবিধাভোগীদের হাতে এই সহায়তাগুলি তুলে দেন। খোয়াই জেলাভিত্তিক জনজাতীয় গৌরব দিবস উদযাপন উপলক্ষে প্রশাসনিক ও স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে সুবিধাভোগীদের মধ্যে বিভিন্ন শৎসাপত্র ও বিভিন্ন প্রকল্পে সহায়তা দেওয়া হয়েছে। তাছাড়াও অনুষ্ঠিত হয় মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান।

তথ্য ও সংস্কৃতি দপ্তরের আর্থিক সহায়তায় এবং অল ত্রিপুরা আদিবাসী অ্যাসোসিয়েশনের উদ্যোগে আজ খোয়াইয়ের বনবীথি ইকোপার্কে ভগবান বিরসা মুন্ডার জন্মজয়ন্তী উদযাপন করা হয়। অনুষ্ঠানের উদ্বোধন করেন সমাজসেবী তাপস ভট্ট চার্য। উপস্থিত ছিলেন সমাজসেবী সুব্রত মজুমদার, সমাজসেবী শান্তি বিকাশ চাকমা, সমাজসেবী রমেন সাঁওতাল প্রমুখ। অনুষ্ঠানে বিরসা মুন্ডার প্রতিকৃতিতে অতিথিগণ পুল্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধা জ্ঞাপন করেন। বিরসা মুন্ডার জন্মজয়ন্তী উদযাপন উপলক্ষে তীর নিক্ষেপ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

\*\*\*\*\*